

# ইনডেক্সধারী শিক্ষকদের তথ্য চেয়েছে অধিদফতর

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৭:৫০, ১৮ মে ২০২৪



মাদ্রাসা শিক্ষা অধিদফতর

মাদ্রাসা থেকে স্কুল-কলেজে যোগদান করা ইনডেক্সধারী শিক্ষকদের তথ্য চেয়েছে মাদ্রাসা শিক্ষা অধিদফতর। আগামী ৩০ মে-র মধ্যে অধিদফতরের নির্ধারিত ই-মেইলে অথবা ফোন নম্বরে তথ্য পাঠাতে বলা হয়েছে।

বৃহস্পতিবার (১৬ মে) মাদ্রাসা শিক্ষা অধিদফতরের পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আবু নঈমের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাদ্রাসা শিক্ষা অধিদফতরের আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসা থেকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের নিয়ন্ত্রণাধীন এমপিওভুক্ত স্কুল বা কলেজে যোগদান করা শিক্ষকদের তথ্য বর্তমান এমইএমআইএস সফটওয়্যারে কারিগরি ত্রুটির কারণে এপিআই-এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের নিয়ন্ত্রণাধীন ইএমআইএস সফটওয়্যারে পাঠানো যাচ্ছে না।

এ অবস্থায় যেসব শিক্ষক এরইমধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের নিয়ন্ত্রণাধীন ইএমআইএস সফটওয়্যারে অনলাইনে আবেদনের জন্য এমইএমআইএস সফটওয়্যার থেকে ইনডেক্স কর্তন করেছেন, সেসব শিক্ষককে আগামী ৩০ মে-র মধ্যে উল্লিখিত ই-মেইল বা ফোন নম্বরে তথ্য পাঠানোর জন্য বলা হলো।

তথ্য পাঠানোর ই-মেইল: [memis.cell@gmail.com](mailto:memis.cell@gmail.com)

ফোন নম্বর: ০২-৪১০৩০১৯৩, ০২-৪১০৩০১৯৪